

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-রংপুর।
কাচারী বাজার, সদর, রংপুর।

নং-০৮.০১.৮৫০০.৫৪১.০০১.২৩.০০২৭.২৬.১৩৬০

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬


যেহেতু, কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-দিনাজপুর এর নথি নং-০৮.০১.২৭০০.৫৪২.০০১.৩১.০০১৭.২০২৬.৬২৩, তারিখ: ৩০ জুন ২০২৬ মোতাবেক জনাব মোঃ ইমরুল কায়েস, অফিস সহায়ক, কর সার্কেল-৭ (কোম্পানিজ), কর অঞ্চল-রংপুর বর্তমানে সংযুক্তিতে কর অঞ্চল-দিনাজপুর এ কর্মরত রয়েছেন, বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে চাকরি পাইয়ে দেয়ার নামে জনৈক ব্যক্তির নিকট অর্থ গ্রহণের অভিযোগ উঠেছে। জনশ্রুতি রয়েছে বর্ণিত কর্মচারী উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী একজন পরীক্ষার্থীকে চাকরি পাইয়ে দেবার বিনিময়ে ৫০,০০০ টাকা গ্রহণ করেছেন। অর্থ লেনদেনের একটি ছবিও যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। এ ধরনের কর্মকাণ্ড সরকারি চাকরি বিধির পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ;

২. যেহেতু, জনাব মোঃ ইমরুল কায়েস, অফিস সহায়ক, কর সার্কেল-৭ (কোম্পানিজ), কর অঞ্চল-রংপুর কর্তৃক কর অঞ্চল-দিনাজপুর এর নিয়োগ চলাকালীন সময়ে একজন পরীক্ষার্থীকে চাকরি পাইয়ে দেবার বিনিময়ে ৫০,০০০ টাকা গ্রহণ করেছেন অভিযোগ পাওয়া গিয়েছে এবং অর্থ লেনদেনের ছবি যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে এবং তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক বিভাগীয় কার্যধারা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

৩. সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ মোতাবেক জনাব মোঃ ইমরুল কায়েস, অফিস সহায়ক, কর সার্কেল-৭ (কোম্পানিজ), কর অঞ্চল-রংপুরকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৪. তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৫. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬
মোঃ হাফিজ আল আসাদ
কর কমিশনার
কর অঞ্চল-রংপুর।

নথি নং- ০৮.০১.৮৫০০.৫৪১.০০১.২৩.০০২৭.২৬. ২৩৬০

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/সদস্য(কর (অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-দিনাজপুর।
- ৩। পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-রংপুর।
- ৪। উপ কর কমিশনার, কর সার্কেল-৭ (কোম্পানিজ), কর অঞ্চল-রংপুর।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর।
- ৬। সশিষ্ট কর্মচারী জনাব মোঃ ইমরুল কায়েস, অফিস সহায়ক, উপ কর কমিশনারের কার্যালয়, কর সার্কেল-৭(কোম্পানিজ), কর অঞ্চল রংপুর।


তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬
মোঃ হাফিজ আল আসাদ
কর কমিশনার
কর অঞ্চল-রংপুর।